

## সুনান আবু দাউদ (তাহকিককৃত)

হাদিস নম্বরঃ ৫২৫

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩৬. মুয়াজ্জিনের আযানের জবাবে যা বলতে হয়

### باب مَا يَقُولُ إِذَا سَمِعَ الْمُؤَذِّنَ

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيدٍ، حَدَّثَنَا اللَّيْثُ، عَنْ الْحَكِيمِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ قَيْسٍ، عَنْ عَامِرِ بْنِ سَعْدِ بْنِ أَبِي وَقَّاصٍ، عَنْ سَعْدِ بْنِ أَبِي وَقَّاصٍ، عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ " مَنْ قَالَ حِينَ يَسْمَعُ الْمُؤَذِّنَ وَأَنَا أَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ وَأَشْهَدُ أَنَّ مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ رَضِيتُ بِاللَّهِ رَبًّا وَبِمُحَمَّدٍ رَسُولًا وَبِالْإِسْلَامِ دِينًا غُفِرَ لَهُ " .

— صحيح : م

বাংলা

৫২৫। সা'দ ইবনু আবু ওয়াক্কাস (রাঃ) সূত্রে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি আযান শুনে বলেঃ "এবং আমিও সাক্ষ্য দিচ্ছি যে, এক আল্লাহ ব্যতীত অন্য কোন ইলাহ নেই। তাঁর কোন শারীক নেই। মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর বান্দা ও রসূল। আমি আল্লাহকে রব হিসেবে মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে রসূল হিসেবে এবং ইসলামকে দীন হিসেবে পেয়ে সন্তুষ্ট।"- তাকে ক্ষমা করে দেয়া হবে।[1]

সহীহ : মুসলিম।

## English

Sa'd b. Abi Waqqas reported the Messenger of Allah (May peace be upon him) as saying :

If anyone says when he hears the MU'ADHDHIN : "And I testify that there is no god but Allah alone who has no partner and that Muhammad is His servant and Apostle: I am satisfied with Allah as lord, with Muhammad as

apostle and with Islam as religion”, he will be forgiven.

### ফুটনোট

[1] মুসলিম (অধ্যায়ঃ সালাত, অনুঃ মুয়াজ্জিনের অনুরূপ বলা মুস্তাহাব, ১/১৩/২৯০ পৃঃ), তিরমিযী (অধ্যায়ঃ সালাত, অনুঃ মুয়াজ্জিনের আযান শুনে যে দু‘আ পড়তে হয়, হাঃ ২৪০) ইমাম তিরমিযী বলেন, এ হাদীসটি হাসান সহীহ), নাসায়ী (অধ্যায়ঃ আযান, অনুঃ আযানের দু‘আ, হাঃ ৬৭৮), আহমাদ (১/১৮১), হাকিম (১/২০৩) তিনি একে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। ইমাম যাহাবী তার সাথে ঐকমত্য হয়েছেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী □ বর্ণনাকারীঃ সা‘দ বিন আবু ওয়াক্কাস (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=57843>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন